দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 APR. 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# রাজশাহীর ছয় শিক্ষা প্রতিষ্ঠান খোলার উদ্যোগ নেই

## অনিশ্চয়তায় ৬০ হাজার শিক্ষার্থী

॥ রাজশাহী অফিস ॥

রাজশাহী মেডিকেল কলেজে ছাত্রলীগ-শিবিরের সংঘর্ষের জের ধরে গত ১৩ মার্চ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ঐ দুই ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষে নিহত হয় শিবির নেতা শরিফুজ্জামান নোমানী। এরপর থেকেই রাজশাহীর অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ফলে অনিশ্চিত হয়ে পড়েছে ৬০ হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবন। স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষানুরাগী, প্রশাসনসহ বন্ধ প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ এ সকল শিক্ষা প্রতিষ্ঠান সচল করতে সম্প্রতি উদ্যোগ গ্রহণ করলেও বাস্তব কিছু কারণে তা সম্ভব হচ্ছে না।

গত ১৩ মার্চ সংঘর্ষে শিবিরের সাধারণ সম্পাদক নিহত হলে নগরীর আটটি শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট), (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### রাজশাহী ছয়

(১৬ পৃঃ পর)

রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), রাজশাহী কলেজ ও রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট এখনো বন্ধ রয়েছে। রাজশাহী নিউ গভ. ডিগ্রি কলেজ ও রাজশাহী সরকারি সিটি কলেজ সম্প্রতি খুলে দেয়া হয়েছে।